

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা।

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৮.০৯৭.২১--৫৮৬

তারিখ : ০৪.১২.২০২৩ খ্রি।


“ভর্তিবিজ্ঞপ্তি”

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের আত্মকর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা বরাবরে দাখিল করতে হবে।

নং	প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা	সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান
১	হস্তশিল্প বিষয়ক প্রশিক্ষণ মেয়াদ-১ মাস (০১/০১/২৪ হতে ৩১/০১/২৪খ্রি.) আসন সংখ্যা-২০ টি।	১০০/- (একশত)	অষ্টম শ্রেণী পাশ	দৈনিক ১০০/-টাকা (সরকারি ছুটির দিন ব্যতীতে এবং উপস্থিতির ভিত্তিতে)	৩১ ডিসেম্বর'২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয়

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ

- ১। বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২১ ডিসেম্বর'২০২৩খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জানুয়ারি'২০২৪খ্রি.।
- ২। বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ৩। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- ৪। স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (ক) নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা ও মাতার নাম (বাংলা ও ইংরেজী) (গ) জন্ম তারিখ (ঘ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (ঙ) জাতীয় পরিচয়পত্র (NID)নম্বর(যদি থাকে) অথবা জন্ম সনদ পত্র, (চ) বর্তমান ঠিকানা (ছ) স্থায়ী ঠিকানা (জ)শিক্ষাগত যোগ্যতা (ঝ) ধর্ম (ঞ) জেডার/লিঙ্গ (ট) মোবাইল নম্বর (যদি থাকে) (ঠ)বিকল্প যোগাযোগ নম্বর (ঠ)ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে) (ড) যুব সংগঠনের সদস্য হতে সংগঠনের নাম এবং (ণ) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- ৫। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা এবং স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে।
- ৬। আবেদন পত্রের সাথে (ক) ০২কপি পাসপোর্ট সাইজের ছবি (খ)শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (গ) জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাতকারের সময় মূল সনদপত্র সংগে আনতে হবে।
- ৭। দলিত (সুইপার, ঋষী, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ৮। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবেনা।
- ৯। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় মোবাইল নম্বর, ই-মেইল নম্বর, Facebook আইডি whats app no আবশ্যিকভাবে দিতে হবে।
- ১১। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রে নিয়ম শৃংখলা মেনে চলতে হবে এবং যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে।


  
মোঃ মাহফুজার রহমান  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা।

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৮.০৯৭.২১--৫৮৬

তারিখ: ০৪.১২.২০২৩ খ্রি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ৩। .....(জেলা পর্যায়ের কর্মকর্তা), গাইবান্ধা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার..... গাইবান্ধা।
- ৫। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ৬। জেলা তথ্য কর্মকর্তা, গাইবান্ধা। তাঁকে বিজ্ঞপ্তিটি বহলপ্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রশিক্ষক(কম্পিউটার/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/আরএসি/পোষাক), যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর .....(সকল), গাইবান্ধা।
- ৯। সভাপতি/সম্পাদক/নির্বাহীপরিচালক/পরিচালক/চেয়ারম্যান....., গাইবান্ধা।
- ১০। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড/অফিস নথি/গার্ড ফাইল।

  
মোঃ মাহফুজার রহমান  
উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর  
গাইবান্ধা।